দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 AUG 2016
পৃষ্ঠা ...৬... কলাম ...১...

# চরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের প্রতি নজর দিন

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোনো জাতি কখনোই উন্নয়নের শিখরে পৌঁছাতে পারে না। যে জাতি যত শিক্ষিত; সে জাতি তত উন্নত। সেজন্য শিক্ষার আলো সব্যর ঘরে ঘরে পৌঁছে দিতে বাংলাদেশ সরকার দেশের ৬৮ হাজার গ্রামের প্রায় প্রতিটি গ্রামে গড়ে তুলেছে একটি করে প্রাথমিক বিদ্যালয়। এসব বিদ্যালয়ে সকাল থেকে বিকাল অবধি নিয়মিতভাবে শিক্ষা কার্যক্রম চালানো হয়। তবে পরিতাপের বিষয়, দেশের চরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান কার্যক্রমে কিছুটা তারতম্য লক্ষ্য করা যায়। কেননা, সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম চালানোর বিধান থাকলেও দুপুর ১ টার পর এসব বিদ্যালয় খোলা পাওয়া যায় না। তাছাড়া, এসব বিদ্যালয়ের শিক্ষকদের মাঝেও অবহেলার বহিঃপ্রকাশ লক্ষ্য করা যায়। ফলে পঞ্চম শ্রেণিতে পড়া সত্ত্বেও কোনো কোনো ছাত্র-ছাত্রী বাংলা পর্যন্ত পড়তে পারে না। তারপরও এসব বিদ্যালয়ে পরীক্ষার ফি, উপবৃত্তির টাকা ইত্যাদি নিয়ে চলে পাঁয়তারা। যারা নিজেদের নাম লিখতে জানে না; তারাও হয় এসব বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও সদস্য। তাই চরাঞ্চলের এসব বিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন মহলের সুদৃষ্টি কামনা করছি।

**মোঃ মানিক উল্লাহ,**
মাজগ্রাম, বেতিল হাটখোলা,
এনায়েতপুর, সিরাজগঞ্জ